

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২২

১১/ বিবাহ (الله عن رسول الله) পরিচ্ছেদঃ মুত'আ বিবাহ হারাম।

باب مَا جَاءَ فِي تَحْرِيمِ نِكَاحِ الْمُتْعَةِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ، وَالْحَسَنِ، ابْنَىْ مُحَمَّدِ بْنِ عَلِيِّ عَنْ أَبِيهِمَا، عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِب، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنْ مُتْعَةِ النِّسَاءِ وَعَنْ لُحُومِ الْحُمُرِ الأَهْلِيَّةِ زَمَنَ خَيْبَرَ. قَالَ وَفِي الْبَابِ عَنْ سَبْرَةَ الْجُهَنِيِ مُثَعْةِ النِّسَاءِ وَعَنْ لُحُومِ الْحُمُرِ الأَهْلِيَّةِ زَمَنَ خَيْبَرَ. قَالَ وَفِي الْبَابِ عَنْ سَبْرَةَ الْجُهَنِيِ وَأَبِي هُرَيْرَةَ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَلِيٍّ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ وَأَبِي هُرَيْرَةَ. قَالَ أَبُو عِيسَى حَديثُ عَلِي حَديثُ حَسَنٌ صَحِيحٌ. وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصِحْتَ فِي الْمُتْعَةِ ثُمَّ رَجَعَ عَنْ قَوْلِهِ حَيْثُ أُخْبِرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَإِنَّمَا رُويَ عَنِ ابْنِ عَبَّاسٍ وسلم وَأُمْرُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ عَلَى تَحْرِيمِ الْمُتْعَةِ وَهُو قَوْلُ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيّ وَأَمْرُ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ عَلَى تَحْرِيمِ الْمُتْعَةِ وَهُو قَوْلُ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارَكِ

বাংলা

১১২২. ইবনু আবী উমার (রহঃ) আলী ইবনু আবূ তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধকালে মেয়েদের সাথে মুতআ বািবাহ, গৃহ পালিত গাধার মাংস নিষিদ্ধ করেছেন। - ইবনু মাজাহ ১৯৬১, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১২১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সাবরা জুহানী ও আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা বলেন, আলী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সাহীহ। সাহাবী ও অন্যান্য আলিমগণের এই হাদীস অনুসারে আমল রয়েছে। মুতআ বিষয়ে ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে কিছু অবকাশ আছে বলে বর্ণিত হয়েছে। কিন্তু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত এই সব হাদীসের প্রেক্ষিতে পরবর্তীতে তিনি স্বীয় মত প্রত্যাহার করেন। অধিকাংশ আলিম মুতআ হারাম হওয়ার নির্দেশ দিয়েছেন। এ হলো ইমাম ছাওরী, ইবনু মুবারক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।



English

Ali bin Abi Talib narrated:

"The Prophet prohibited the Mut'ah with women, and the meat of domestic donkeys during (the campaign of) Khaibar."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন